

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা সমাজসেবা কার্যালয়  
আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া।

স্মারক নম্বর- ৪১.০১.১২০২.০০০.১৩.০২০.২৪- ৫৪

তারিখঃ ২০ এপ্রিল ২০২৫ খ্রি:

## বিজ্ঞপ্তি/ নোটিশ

বিষয়ঃ ২০২৪-২০২৫ অর্থবছরে বর্ধিত কৌটায় বয়স্ক ভাতা এবং বিধবা ও স্বামী নিগৃহিতা ভাতার অর্থ G2P পদ্ধতিতে পরিশোধের নিমিত্তে অনলাইনে আবেদন গ্রহণ, উপকারভোগী নির্বাচন ও ভাতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আপনার অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, উপজেলা সমাজসেবা কার্যালয়, আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়ায় এর ২০২৪-২০২৫ অর্থবছরে বর্ধিত কৌটায় বয়স্ক ভাতা এবং বিধবা ও স্বামী নিগৃহিতা ভাতার অর্থ G2P পদ্ধতিতে পরিশোধের নিমিত্তে অনলাইনে আবেদন গ্রহণের মাধ্যমে উপকারভোগী নির্বাচন ও নীতিমালা অনুযায়ী ভাতা প্রদান করা হবে। তাই যারা এখনো বয়স্ক ভাতা এবং বিধবা ও স্বামী নিগৃহিতা ভাতার আওতায় আসেনি তাদেরকে আগামী ০৯/০৪/২০২৫ খ্রি: তারিখ হতে ২২/০৪/২০২৫ খ্রি: তারিখ পর্যন্ত [dss.bhata.gov.bd/onlineApplication](http://dss.bhata.gov.bd/onlineApplication) লিংকে প্রবেশ করে ভাতার আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

- বয়স্ক ভাতার অনলাইন আবেদনের জন্য যোগ্যতা/ শর্তসমূহ:-
  - ১। আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র।
  - ২। পুরুষের ক্ষেত্রে ৬৫ বছর এবং মহিলার ক্ষেত্রে ৬২ বছর হতে হবে।
  - ৩। আবেদনকারীর সক্রিয় নগদ হিসাব নম্বর (মোবাইল নম্বর)।
  - ৪। পূর্বে যারা ভাতা পাচ্ছেন তাদের অনলাইনে আবেদন করার প্রয়োজন নেই।
- বিধবা ও স্বামী নিগৃহিতা ভাতার অনলাইন আবেদনের জন্য যোগ্যতা/ শর্তসমূহ:-
  - ১। আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন।
  - ২। সক্রিয় নগদ হিসাব নম্বর (মোবাইল নম্বর)।
  - ৩। পূর্বে যারা ভাতা পাচ্ছেন তাদের অনলাইনে আবেদন করার প্রয়োজন নেই।

### সংযুক্ত:

- ১। সমাজসেবা অধিদফতর কর্তৃক প্রেরিত পত্র- ০১ ফর্দ।

পৌর প্রশাসক/ প্রশাসক /চেয়ারম্যান

-----পৌরসভা/ ইউনিয়ন পরিষদ।

আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া।

মোঃ নুরুল ইসলাম চৌধুরী

উপজেলা সমাজসেবা অফিসার (অঃদাঃ)

আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া।

মোবাইলঃ ০১৯৫২৫৬৬২০৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া।
- ৩। জনাব ----- দায়িত্বপ্রাপ্ত ইউনিয়ন সমাজকর্মী, আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া।
- ৪। অফিস কপি।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সমাজকল্যাণ মন্ত্রণালয়  
সমাজসেবা অধিদপ্তর  
সামাজিক নিরাপত্তা অধিশাখা  
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭  
www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৪৯.১৬.০৫২.২১. ৩২৫

তারিখ: ০৪ বৈশাখ ১৪৩২  
১৭ এপ্রিল ২০২৫

বিষয়: ২০২৪-২০২৫ অর্থবছরে প্রতিস্থাপন ও বর্ধিত কোটায় (প্রযোজ্য ক্ষেত্রে) বয়স্ক ভাতা এবং বিধবা ও স্বামী নিগৃহিতা ভাতার অর্থ G2P পদ্ধতিতে পরিশোধের নিমিত্ত নতুন MIS এর মাধ্যমে অনলাইন আবেদন গ্রহণের সময়সীমা বৃদ্ধিকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিশ্রেফিতে ২০২৪-২০২৫ অর্থবছরে সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় প্রতিস্থাপন ও বর্ধিত কোটায় (প্রযোজ্য ক্ষেত্রে) বয়স্ক ভাতা এবং বিধবা ও স্বামী নিগৃহিতা ভাতার অর্থ G2P পদ্ধতিতে পরিশোধের নিমিত্ত নতুন MIS এর মাধ্যমে অনলাইন আবেদন গ্রহণের সময়সীমা ০৯-০৪-২০২৫ থেকে ১৭-০৪-২০২৫ তারিখ পর্যন্ত নির্ধারিত ছিলো; কিন্তু মাঠপর্যায়ে চাহিদার শ্রেফিতে অনলাইনে আবেদন গ্রহণের সময়সীমা আগামী ২২ এপ্রিল ২০২৫ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো। এক্ষেত্রে পূর্বের অনলাইন আবেদন গ্রহণের সকল শর্তাবলী বলবৎ থাকবে।

  
(মো: মোশাররফ হোসেন)

পরিচালক (সামাজিক নিরাপত্তা)  
সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

☎০২-৪৪৮২৬৮০৯

পরিচালক

বিভাগীয় সমাজসেবা কার্যালয় (সকল)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. প্রকল্প পরিচালক, CTM প্রকল্প, শ্যামলী স্কয়ার (১০ম তলা), ঢাকা-১২০৭।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. জেলা প্রশাসক (সকল)।
৬. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল).....।
৭. উপজেলা নির্বাহী অফিসার (সকল).....।
৮. Mis specialist, CTM প্রকল্প, ঢাকা। (তাকে বয়স্ক ভাতা এবং বিধবা ও স্বামী নিগৃহিতা ভাতার অনলাইন-এ আবেদন (সমূহ আগামী ২৪/০৪/২০২৫ তারিখের মধ্যে সফটবিডি কে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৯. উপজেলা সমাজসেবা অফিসার, উপজেলা সমাজসেবা কার্যালয় (সকল).....।
১০. সমাজসেবা অফিসার, শহর সমাজসেবা কার্যালয় (সকল).....।
১১. সমাজসেবা অফিসার, তেজগাঁও উন্নয়ন সার্কেল, ঢাকা।
১২. অফিস কপি।